# রূপগঞ্জের কুখ্যাত সন্ত্রাসী ও আ.লীগ নেতা মোশারফ ওরফে মোশা আটক



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে দীর্ঘদিন ধরে আতঙ্ক সৃষ্টি করা কুখ্যাত সন্ত্রাসী মোশারফ হোসেন, জনপ্রিয় ডাকনাম মোশা, গ্রেপ্তার হয়েছেন। মঙ্গলবার (৪ নভেম্বর) রাজধানীর ভাটারা এলাকা থেকে বিশেষ অভিযান চালিয়ে গোয়েন্দা পুলিশ তাকে আটক করে।

মোশার বিরুদ্ধে রয়েছে হত্যা, ধর্ষণ, চাঁদাবাজি ও অন্যান্য একাধিক মামলা। পুলিশ জানিয়েছে, তাকে সন্ত্রাসবিরোধী আইনে গ্রেপ্তার দেখানো হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রগুলো জানায়, রূপগঞ্জের নাওড়া পাড়া এলাকা থেকেই মোশার সন্ত্রাসী কর্মকাণ্ডের শুরু। ধীরে ধীরে কায়েতপাড়া ইউনিয়নসহ পুরো রূপগঞ্জে তার নাম 'মোশা বাহিনী' হিসেবে পরিচিতি লাভ করে। স্থানীয় প্রভাবশালীদের সহায়তায় মোশা অস্ত্র ও মাদকের অবৈধ ব্যবসা চালু করে।

রূপগঞ্জের সাধারণ মানুষ ও ব্যবসায়ীরা তার হামলা, জমি দখল ও চাঁদাবাজির শিকার হয়েছেন। এর আগে একাধিকবার র‍্যাব ও পুলিশের হাতে গ্রেপ্তার হয়ে জেল ভোগ করতে হয় মোশাকে। তবে প্রভাবশালীদের তদবিরে জামিনে মুক্তি পাওয়ার পর ফের তিনি এলাকায় ভয়াবহ কার্যক্রম শুরু করেন।

রূপগঞ্জের নিরাপত্তা পরিস্থিতির জন্য মোশার গ্রেপ্তার একটি বড় সাফল্য হিসেবে মনে করছে পুলিশ।

LENS ASIA